নাশকতা মামলায় চুয়াডাঙ্গা বিএনপির ১৩ নেতাকর্মী কারাগারে

নাশকতা মামলার আসামী চুয়াডাঙ্গায় বিএনপি ও অঙ্গ সংগঠনের ১৩ নেতাকর্মীর জামিনের আবেদন নাকোচ করেছে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২য় আদালত।

আজ মঙ্গলবার দুপুর ১টার দিকে আদালতের বিজ্ঞ বিচারক মো: তৌহিদুল ইসলাম এই জামিনের আবেদন না কোচ করে জেলা করাগারে আটক রাখার আদেশ দেন।

জামিন না পাওয়া নেতাকর্মীরা হলেন, চুয়াডাঙ্গা জেলা কৃষকদলের আহ্বায়ক মোকাররম হোসেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সহসাধারণ সম্পাদক মন্টু মিয়া, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক সাঈদ বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চ, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য আরিফুল ইসলাম আরিফ, যুবদল নেতা আব্দুর রাজ্জাক, বিএনপি কর্মী হাতেম ও রফিক।

আদালত সূত্রে জানাযায়, দামুড়হুদা মডেল থানার মামলা নং ১ তারিখ ২/১১/২৩ ও জিআর ১৪২/২০২৩ নাশকতা মামলার আসামী ছিলেন বিএনপির এসব নেতাকর্মী। এর আগে বিএনপির এসকল নেতাকর্মী উচ্চ আদালত থেকে জামিনে মুক্ত ছিলেন।

আলমডাঙ্গা উপজেলা নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী কেএম

মঞ্জিলুর রহমানের গণসংযোগ

আসন্ন আলমডাঙ্গা উপজেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের সমর্থিত মোটর সাইকেল প্রতিকের চেয়ারম্যান প্রার্থী কে, এম মঞ্জিলুর রহমান ব্যাপক গণসংযোগ ও পথসভা করেছেন।

এছাড়া গতকাল রোববার রাতে পৌর এলাকার ৫ নম্বর ওয়ার্ডের এরশাদপুর গ্রামে অফিস উদ্বোধন ও পথসভা করেন। এর আগে তিনি বেলগাছি ও ডাউকি ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণসংযোগ করেন।

পথসভায় নেতৃবৃন্দ বলেন, মোটরসাইকেল প্রতিকের কে, এম মঞ্জিলুর রহমান আওয়ামী লীগের সমর্থিত প্রার্থী। তার পক্ষে উপজেলায় গণ জোয়ার সৃষ্টি হয়েছে। আমরা ২১ মে নির্বাচনে বিজয় অর্জন করবোই ইনশাল্লাহ। মোটর সাইকেলের গণ জোয়ার দেখে আজকে নানা ভাবে বিভ্রান্তি সৃষ্টি করা হচ্ছে। আপনাদের সবাইকে ঐক্যবদ্ধভাবে মোটর সাইকেলে ভোট দিয়ে বিজয়ী করার আহবান জানান। নেতৃবৃন্দ বলেন, উন্নয়ন ও স্মর্ট উপজেলা গড়ার কাজে অংশ নিন। মোটর সাইকেলে প্রতিকে ভোট দিন।

পথসভায় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, সাবেক সাংগঠনিক সম্পাদক আলম হেসেন, পৌর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, ৫ নং ওয়ার্ড সভাপতি সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক লাভলুর রহমান, ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ জহুরুল ইসলাম স্বপন, ২ নং ওয়ার্ড সাধারণ সম্পাদক মজিবুল ইসলাম, ১ নং ওয়ার্ড সাধারণ সম্পাদক কামাল হোসেন, ৮ নং ওয়ার্ডের সভাপতি দেলোয়ার হেসেন আওয়ামীলীগ নেতা খন্দকার গোলাম আজম বিটু, নুরুন নবী, মিঠু, রঞ্জু সহ বিভিন্ন পর্যায়ের নেতা কর্মি।

আলমডাঙ্গা আনারস প্রতিকের প্রার্থী ডাবুর বিভিন্ন গ্রামে গণসংযোগ

আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী আ: মমিন চৌধুরী ডাবু উপজেলার বিভিন্ন ইউনিয়ন ব্যাপক গণ সংযোগ করেছেন। তিনি গতকাল রবিবার উপজেলার জামজামি, খাসকররা, আইলহাঁস, নাগদাহ, জেহালা ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণসংযোগ করেন।

গণ সংযোগকালে আ: মমিন চৌধুরী ডাবু বলেন,আমি আনারস প্রতিক নিয়ে উপজেলা চেয়ারম্যান পদে নির্বাচন করছি। আমি কুমারী গ্রামের ছেলে। ঢাকায় ব্যবসা করি ও আওয়ামী লীগ রাজনীতির সাথে জড়িয়ে আছি। আমার কাছে উপজেলার বহু মানুষ বিভিন্ন সময়ে যেয়ে থাকেন। আমি সাধ্য অনুযায়ী তাদের পাশে থেকে যতদূর পারি উপকার করে থাকি। সে কারণে আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে প্রার্থী হয়েছি। আপনারা যদি আমাকে নির্বাচিত করেন, তাহলে আমি আগেও যেভাবে মানুষের সেবায় কাজ করেছি, একই ভাবে কাজ করে যাবো। আমার কাজ হবে এই উপজেলাকে একটি দুর্নীতি মুক্ত ও মডেল উপজেলা গড়ে তুলবো।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন সাবেক ছাত্রলীগ নেতা মোল্লা আবু জাফর, ইকলুসুর রহমান, মোহাম্মদ আলম, প্রান্ত, আমিরুল ইসলাম, আহসান হাবিব, মোজাম্মেল হক, আব্দুল খালেক, আদিল হাসান, আজিজুল ইসলাম, প্রমুখ।

আলমডাঙ্গায় চার খণ্ডে বিভক্ত ভোটের মাঠে প্রার্থীরা; মাঠ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

যুগ্ন-আহবায়ক জিল্লুর রহমানকে সমর্থন দিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য ও ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা। তিনি গত সংসদ নির্বাচনে (ঈগল) প্রতিকে নির্বাচন করেন।

বর্তমান সংসদ সদস্যের নিকট পরাজিত হওয়ায় এ আসনে তাঁর আধিপত্যবিস্তারের জন্যই জিল্লুর রহমানকে সরাসরি সমর্থন করেছেন বলে প্রবিন রাজনৈতিক ব্যক্তিবর্গ মনে করেন। তবে দীর্ঘদিন রাজনৈতিক অঙ্গনে সুপরিচিত মুখ বিশিষ্ট শিক্ষানুরাগী নুরুল ইসলাম। ইতিপূর্বে তিনি চুয়াডাঙ্গা জেলা কৃষকলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক হিসেবে দীর্ঘদিন দায়িত্বপালন করেন। তাঁরপর তিনি জেলা আওয়ামীলীগের সদস্য লাভের পর দু’বার হারদি ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিজয়ী হন। তাঁর দায়িত্বপালনের ১০ বছরে ইউনিয়নকে একটি মডেল হিসেবে প্রতিষ্ঠিত করেন। তাঁর দায়িত্ববোধ থেকে আলমডাঙ্গা উপজেলা পরিষদ নির্বাচনে অংশ নিয়েছেন। তাঁর সাথে সখ্যতা রেখে উপজেলা যুবলীগের নেতা-কর্মীরা প্রচারণা চালিয়ে যাচ্ছেন।

এছাড়া গত ৫ বছর উপজেলা নির্বাচনে দায়িত্বপালন শেষে আবারো নির্বাচনের মাঠে ভোটযুদ্ধে সাবেক উপজেলা আওয়ামীলীগের সভাপতি আয়ুব হোসেন। এবার পারিবারিক সঙ্গ না পেলেও জেলা ও উপজেলা স্বেচ্ছাসেবক লীগের মাধ্যমে ঘুরে দাঁড়ানোর চেষ্টা করছেন তিনি। তাঁর দায়িত্বপালনে কর্মীদের নানা মুখি প্রতিশ্রুতি পুরণ না করায় ভোটারদের নিকট থেকে ফিরছেন খালি হাতে।

তিনি ছাড়াও ঢাকা উত্তর দারুসসালাম থানা আওয়ামীলীগের যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্বপালন করছেন মোমিন চৌধুরী ডাবু। উপজেলা রাজনৈতিক অঙ্গনে অপরিচিত থাকলেও ঢাকাতে রয়েছে শক্তিশালী অবস্থান। এর পাশাপাশি উপজেলার অনেক নেতা-কর্মীরা মামলা হামলা থেকে রেহাই পেতে তার দারস্থ হন। বিভিন্ন সংগঠন পক্ষপাতিত্ব করলেও ডাবু তাঁর নিজের কর্মী ও সমর্থকদের নিয়ে পৌঁছে গেছেন প্রত্যান্তঞ্চলে। শহর কেন্দ্রিক রাজনৈতিক মাঠে তাঁর নাম জানা না থাকলেও গ্রামাঞ্চলে সাড়া জাগিয়ে ভোটে জয়লাভে দিচ্ছেন নানান প্রতিশ্রুতি।

চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে সম্মেলন কক্ষে রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে জেলা আইন-শৃঙ্খলা কমিটি, আদালত সহায়তা, মানব পাচার প্রতিরোধ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ, চোরাচালান নিরোধ, অনিস্পন্ন চোরাচালান মামলাসমূহ সম্পর্কে মনিটরিং সেলের সভা অনুষ্ঠিত হয়।

আইন-শৃঙ্খলা কমিটির সভার প্রারম্ভে গত ০৮ মার্চ ২৪ তারিখ দামুড়হুদা ও জীবননগর উপজেলায় অনুষ্ঠিত উপজেলা নির্বাচন কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই সুষ্ঠুভাবে সম্পন্ন, মাদক উদ্ধারে উল্লেখযোগ্য ভূমিকা ও জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য জেলা প্রশাসক ধন্যবাদ জানান।

উক্ত সভায় আদালত সহায়তা, মানব পাচার প্রতিরোধ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ, চোরাচালান নিরোধ, অনিস্পন্ন চোরাচালান মামলাসমূহ সম্পর্কে, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত দখলমুক্ত, দ্রব্যমূল্য সহনশীল, দেশের নিরাপত্তা ব্যবস্থা জোরদারসহ সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার উপর বিস্তারিত আলোচনা হয়।

উক্ত সভায় আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার নাজিম উদ্দীন আল আজাদ, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান সহ চুয়াডাঙ্গা সদর আলমডাঙ্গা দামুড়হুদা ও জীবননগর উপজেলার নির্বাহী অফিসার বৃন্দ ও বিভিন্ন দপ্তরের প্রধানগণ, জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ এবং মিডিয়া ব্যক্তিবর্গ।

দর্শনায় বিভিন্ন উন্নয়ন মৃলক কাজের উদ্ধোধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা পরানপুরে ১ কোটি ৯৫ লক্ষ ২৬ হাজার ও ইসলামবাজারে ৩০ লক্ষ ৬৩ হাজার টাকা ব্যায়ে আর সিসি ড্রেন নির্মান কাজের উদ্ধোধন করলেন এমপি আলী আজগার টগর।

আজ রবিবার সকাল ১১ টার দিকে দর্শনা পৌর সভার পরানপুর ৫ নং ওয়ার্ডের বটতলা হতে গোপালখালী পর্যন্ত ৫শ মিটার ও দর্শনা ৭ নং ওয়ার্ডের ইসলামবাজার পাড়ার ২শ ৫০ মিটার আরসিসি ড্রেন নির্মান কাজের শুভ উদ্ধোধন করেন।

ড্রেন উদ্ধোধনের সময় এমপি আলী আজগার টগর বলেন,এ সরকার উন্নয়ন মৃলক সরকার, সরকার দীর্ঘদিন ক্ষমতায় আছে বলে দেশে আজ এতো উন্নয়ন মৃলক কাজ হচ্ছে। এমন কোন গ্রাম নেই সেখানে উন্নয়ন হয়নি।

তিনি আরো বলেন, বর্তমান সরকার দেশকে স্মার্ট বাংলাদেশ হিসেবে প্রতিষ্ঠা করতে কাজ করছে। এই উন্নয়ন কাজে সকল শ্রেণি-পেশার মানুষের আন্তরিক সহযোগিতা প্রয়োজন।

এ সময় আরও উপস্থিত ছিলেন,দামুড়হুদা উপজেলা পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যান আলী মুনছুর বাবু,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,বীর মুক্তিযোদ্ধা ও পৌর আওয়ামীলীগের সভাপতি রুস্তম আলী, দর্শনা পৌরসভার নির্বাহী প্রকৌশলী সাজেদুল আলম,ওয়ার্ড সেক্রেটারি ফরজ মল্লিক,যুবলীগ নেতা আব্দুল মান্নান,আশরাফুজ্জামান বেল্টু,সাইফুল ইসলাম হুকুম,আশরাফুল আলম প্রমুখ।

দামুড়হুদায় নবনির্বাচিত চেয়ারম্যান বাবুকে দর্শনা

প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা পরিষদ নির্বাচনে দ্বীতিয় বারের মত চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় আলী মুনসুর বাবুকে দর্শনা প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়েছে।

শনিবার রাত ৮ টার দিকে দর্শনা পৌর আ’লীগের কার্যালয়ে এ ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়।

এসময় নবনির্বাচিত চেয়ারম্যান আলী মুনসুর বাবু প্রেসক্লাবের সদস্যদের সাথে কুশল বিনিময় করে সার্বিক খোজ খবর নেন এবং মিষ্টি মুখ করান।

এসময় উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক ওসমান আলী, চঞ্চল মেহমুদ, আসান হাবিব মামুন, এফএ আলমগীর, মেহমুদ হাসান রণি, রিফাত, সুকমল বাঁধন প্রমুখ।

আলমডাঙ্গায় দুটি প্রতিষ্ঠানে ভোক্তা অধিকারের অভিযানে জরিমানা

আলমডাঙ্গায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ভ্রাম্যমাণ অভিযান চালিয়ে দুটি প্রতিষ্ঠানে ১০ হাজার টাকা জরিমানা করেছে।

আজ শনিবার বেলা সাড়ে ১২ টার দিকে পৌর এলাকার আলিফ উদ্দিন মোড়ে মেসার্স আলতায়েবা স্টোর ও মেসার্স জামিল স্টোরে এ অভিযান পরিচালিত হয়।

জানা গেছে, আলমডাঙ্গার বিভিন্ন প্রতিষ্ঠানে মেয়াদোত্তীর্ণ খাদ্য দ্রব্যসহ নকল মালামাল বিক্রি করা হচ্ছে বলে অভিযোগ ওঠে। অভিযোগের ভিত্তিতে আজ শনিবার চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহম্মেদের নেতৃত্বে ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়। অভিযানে আলিফ উদ্দিন মোড়ের মেসার্স আলতায়েবা স্টোরে বিদেশী নকল সিগারেট ও মেয়াদোত্তীর্ণ শিশুখাদ্য পাওয়া গেলে স্টোর মালিক হায়দার আলীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৪৫ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। একই সময় মেসার্স জামিল স্টোরের মালিক সালাউদ্দিনের প্রতিষ্ঠানে মেয়াদোত্তীর্ণ কেক ও কসমেটিকস থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৭ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। পরে নকল সিগারেট ও অন্যান্য মালামাল ধ্বংস করা হয়।

ভ্রাম্যমাণ অভিযানের সহযোগিতায় ছিলেন আলমডাঙ্গা থানা পুলিশের একটি দল।

তৃতীয় বারের মতো চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে শ্রেষ্ঠ রোভার সাকিব বিশ্বাস

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৪ চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে শ্রেষ্ঠ রোভার হয়েছেন আল মুতাকাব্বির সাকিব।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের ৩য় বর্ষের ছাত্র আল মুতাকাব্বির সাকিব চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার মেট ও প্রাক্তন চুয়াডাঙ্গা জেলা সিনিয়র রোভার মেট প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছেন।

এর আগে ২০২২ ও ২০২৩ সালেও তিনি জেলা পর্যায়ে শ্রেষ্ঠ রোভার হিসেবে শ্রেষ্ঠত্ব অর্জন করেন। চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের শহিদুল ইসলাম ও সাবিনা ইয়াছমিন দম্পতির দুই মেয়ে ও একমাত্র ছেলে সাকিব। তার এই অর্জনে পিতা মাতার উৎসাহ ও উদ্দীপনা

এবং চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ সহ জেলা রোভারের কর্মকর্তাদের উপর কৃতজ্ঞতা প্রকাশ করেন।

আগামীকাল ১২মে চুয়াডাঙ্গা জেলাকে প্রতিনিধিত্ব করে খুলনা বিভাগীয় পর্যায়ের শ্রেষ্ঠত্ব লড়াইয়ে অংশগ্রহণ করবেন তিনি। আগামী দিনগুলোর জন্য তিনি দেশবাসীর নিকট দোয়া কামনা করেন।

চুয়াডাঙ্গায় বজ্রাঘাতে কৃষক সহ ২ জনের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার পাটাচোরা গ্রামে বজ্রাঘাতে আহাম্মেদ মল্লিক (৭০) নামের এক কৃষক ও ঝাজরী বেগমপুরে রুবেল হোসেন (২৮) নামের এক যুবক নিহত হয়েছে।

বজ্রপাতে নিহত আহম্মেদ আলী পাটাচোরা গ্রামের মল্লিকপাড়ার মৃত খেদের মল্লিকের ছেলে এবং রুবেল বেগমপুর ইউনিয়নের ঝাজরী গ্রামের আবদুল মালেকের ছেলে।

শনিবার সকাল ৯টার দিকে পৃথক দুটি স্থানে এই ঘটনা ঘটে ।

দামুড়হুদা মডেল থানার অফিসার্স ইনচার্জ (ওসি) মোঃ আলমগীর কবির জানান, শনিবার সকালে পৌনে ৯ টার দিকে দামুড়হুদা উপজেলার গ্রামের খড়েরগাড়ী মাঠে জমিতে যায় আহম্মেদ মল্লিক। বৃষ্টি শুরু হলে তিনি বাড়ির দিকে ফিরছিলেন। এসময় বজ্রাঘাতে তিনি ঘটনাস্থলে নিহত হয়।

অন্য দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) তদন্ত মোঃ শফিকুল ইসলাম জানান, শনিবার ৯ টার দিকে বৃষ্টি শুরু হয়। এসময় দর্শনা থানার ঝাজরী বেগমপুর গ্রামের বস্তির পাশে রুবেল হোসেন একটি দোকানের নিচে বসে ছিল। এ সময় হঠাৎ করে বজ্রপাত এসে তার মাথায় আঘাত করলে ঘটনাস্থলে তিনি নিহত হয়।